



# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়



ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৮৭৭-৭৭৩৯৩৯, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭  
web: <https://bu.ac.bd>, e-mail: [registrar@bu.ac.bd](mailto:registrar@bu.ac.bd)

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/বোর্ড বৃত্তি/২০১৯-২০/৪৭৯/২২৫৫

তারিখ: ০৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
২১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

### নোটিস

এতদ্বারা সংশ্লিষ্ট চেয়ারম্যানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৬, ২০১৭, ২০১৮ এবং ২০১৯ সালের এইচ. এস. সি./সমমান ফলাফলের ভিত্তিতে বিভিন্ন শিক্ষা বোর্ড থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী যারা ইতোপূর্বে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর কর্তৃক নির্ধারিত এক্সেল ছকটি পূরণ করে তথ্য প্রদান করেছেন, তাদের তথ্যাদি রেজিস্ট্রারের কার্যালয় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তর কর্তৃক নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে input দেয়া হয়েছিল। উক্ত তথ্যের ভিত্তিতে কতিপয় শিক্ষার্থীর বৃত্তির টাকা তাদের হিসাব নম্বরে ইতোমধ্যে অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত হয়েছে তবে বেশিরভাগ শিক্ষার্থীর হিসাব নম্বরে বৃত্তির টাকা অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রেরণ না করায় তাদের প্রদেয় তথ্য সঠিক নয় বলে আশঙ্কা করা হয়েছে। তাই সংযুক্ত এক্সেল ছকে ইউনিকোডে পুনরায় তথ্যাদি পূরণপূর্বক আগামী-২৪/১২/২০২০ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগীয় চেয়ারম্যানগণের নিকট পৌছাতে হবে। অতঃপর প্রেরণকৃত শিক্ষার্থীদের তথ্যাদি বিভাগ কর্তৃক একত্রিত করে একটি এক্সেল ফাইল তৈরী করে উক্ত ফাইলটির একটি হার্ড কপি বিভাগীয় চেয়ারম্যানগণ তাদের স্বাক্ষর প্রদানপূর্বক রেজিস্ট্রার বরাবর আগামী ২৭/১২/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করবেন এবং একটি সফটকপি এই [academicsection30@gmail.com](mailto:academicsection30@gmail.com) ঠিকানায় ই-মেইল করবেন মর্মে অনুরোধ করা হলো।

উল্লিখিত তারিখের মধ্যে তথ্য প্রদানে ব্যর্থ হলে ২০১৯-২০ অর্থ বছরের বৃত্তির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে অনিশ্চয়তা সৃষ্টি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

বরিশাল বিশ্ববিদ্যালয়।

সংযুক্তি:

১। ছকের কপি।

স্মারক নং-বিইউ/রেজি/একাডেমিক/বোর্ড বৃত্তি/২০১৯-২০/৪৭৯/২২৫৫

তারিখ: ০৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
২১ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। সকল বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট বিভাগের শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। ভাইস-চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। এসিস্ট্যান্ট প্রোগ্রামার, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৫। সংশ্লিষ্ট নথি।